

স্মারক নং-১২.১৬.৭২০০.০৩৯.৯৯.১২৫.২৬

৬২১(২৬)

তারিখ: ২৪/৩/২৬


বিষয়: চলতি বোরো মৌসুমে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে কৃষক সেবা নিশ্চিতকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে বোরো ফসল দন্ডায়মান রয়েছে। মৌসুমের শুরুতেই প্রতিকূল আবহাওয়া পরিস্থিতি লক্ষ্য করা যাচ্ছে। আগামি কয়েকদিনও বৃষ্টি ও শিলাবৃষ্টির পূর্বাভাস রয়েছে। মাঠে দন্ডায়মান বোরো ও অন্যান্য ফসলের প্রাকৃতিক দুর্যোগজনিত (অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, পাহাড়ি ঢল ও আকস্মিক বন্যা) ক্ষয়ক্ষতি রোধে কৃষকের করণীয় বিষয়গুলো সম্পর্কে কৃষকের মাঝে সচেতনতা তৈরী দরকার। এজন্য জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে কৃষকের মাঝে সচেতনতা তৈরীর পাশাপাশি ফসল রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করতে হবে। এছাড়া নিম্নবর্ণিত নির্দেশনা সমূহ প্রতিপালনের জন্য বলা হলো।


- ১। আবহাওয়ার পরিস্থিতি সম্পর্কে সার্বক্ষণিক সচেতন থাকা ও নিয়মিত রিপোর্টসহ দুর্যোগকালীন সময়ে বিশেষ বিশেষ রিপোর্টসমূহ তাৎক্ষণিক প্রেরণ নিশ্চিত করা।
- ২। যে কোন বালাই আক্রমণে কৃষকদের পরামর্শ প্রদান ও বালাইনাশকের প্রাপ্তি নিশ্চিত করা। বালাই আক্রমণ ও গৃহীত ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন নিয়মিত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করা।
- ৩। অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, পাহাড়ি ঢল ও আকস্মিক বন্যা ক্ষয়ক্ষতি প্রশমনে কৃষকদের পরামর্শ প্রদান। বাড়া হাওয়া, বৃষ্টি ও শিলা বৃষ্টি পরবর্তীতে ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া (বিএলবি) বা লালচে রেখা (বিএলএস), ব্রাস্ট বা অন্যান্য বালাই এর প্রাদুর্ভাব ও করণীয় সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান।
- ৪। হাওর রক্ষা বাধসমূহের প্রতি সার্বক্ষণিক নজর রাখা ও ত্রুটি বিদ্যুতির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিক অবগত করা।
- ৫। বোরো ধান শতকরা ৮০ ডাগ পেকে গেলে কর্তনের পরামর্শ প্রদান করা। দ্রুত ধান কর্তন নিশ্চিতকরণের জন্য কম্বাইন হারভেস্টারের তথ্য হালনাগাদ করা ও কর্তন উপযোগী করে প্রস্তুত রাখার জন্য পরামর্শ প্রদান।
- ৬। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের কর্মস্থল ত্যাগ না করে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করা ও কৃষি চলমান কার্যক্রমকে আরো বেগবান করা।

এ বিষয়ে শৈথিল্য বরদাস্ত করা হবে না।

উপজেলা কৃষি অফিসায়.....উপজেলা (সকল), নেত্রকোণা।


মোঃ আমিরুল ইসলাম
পরিচিতি নং- ২১৭৮
উপপরিচালক

ddaenetrokona@gmail.com


২৪/৩/২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- ০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ০৩। জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নেত্রকোণা।
- ০৪। অতিরিক্ত উপপরিচালক (উদ্যান/ শস্য/ পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নেত্রকোণা।
- ০৫। অফিস নথি।